# মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
## পারনান্দুয়ালী, মাগুরা

**সুপারভাইজার ও কর্মচারীদের শীতের পোশাক সরবরাহ করণ এর দরপত্র দলিল**

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ----------------------------------------


মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী,মাগুরা।
ফোন/মোবাইল নংঃ -০২-৪৭৭৭১০৭৪৪, ০১৭৬৯-৪০০৫৬৮।

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা।

টেলিফোন -
অফিস - ০২৪৭৭৭১০৭৪৪
মোবাইল - ০১৭৬৯-৪০০০৪৬
ফ্যাক্স নং - ০৪৮৮-৬২০৫৮
ই মেইল-magurapbs.gm@yahoo.com

মুজিব ১০০

স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০১.০৩৮.২৩. ৬০৪

তারিখঃ ১৭ কার্তিক' ১৪৩০ বঙ্গাব্দ
০২/১১/২০২৩খ্রিঃ

**বিষয়ঃ " কোটেশন জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) সুপারভাইজার ও কর্মচারীদের শীতের পোশাক (জ্যাকেট) সরবরাহের কোটেশন আহবান " প্রসঙ্গে।**

সিডিউলের বর্ণণা অনুযায়ী অত্র পবিসের নিয়মিত কর্মচারীদের ব্যবহারের জন্য " সুপারভাইজার ও কর্মচারীদের শীতের পোশাক (জ্যাকেট) " সরবরাহের নিমিত্তে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী /সরবরাহকারী /প্রস্তুতকারী/ বিক্রেতা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে।

০১। দরপত্র গ্রহণ ও খোলার স্থান: : (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বপবিবো, খিলক্ষেত, ঢাকা।
: (খ) জেনারেল ম্যানেজার, মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালী, মাগুরা।

০২। দরপত্র গ্রহণের সময় ও তারিখ : ০৯/১১/২০২৩খ্রিঃ, সময়: বেলা ১১:০০ ঘটিকা

০৩। দরপত্র খোলার সময় ও তারিখ : ০৯/১১/২০২৩খ্রিঃ, সময়: বেলা ১১:০৫ ঘটিকা

| ক্রঃ নং | দরপত্র নং | বিবরণ | পরিমাণ | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | জি- ২৩.২৪.৫১.৩১.০০১ | **সুপারভাইজারদের শীতকালীন পোশাক (জ্যাকেট) ঃ** কালারযুক্ত ফুলহাতার জ্যাকেট, উন্নত মানের চায়না গ্যাবাডিন কাপড় এর তৈরি। ডাবল পাট ভিতরে ব্রেজার কাপড়। উন্নতমানের বোতাম, মোটা চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এক কালার (কালো /অফহুয়াইট /মেরুন) সর্বোচ্চ বড় সাইজ (XXL), (প্রদর্শিত নমুনা মোতাবেক)। | ০২ পিচ | | |
| ০২ | | **কর্মচারীদের শীতকালীন পোশাক (জ্যাকেট)ঃ** কালারযুক্ত ফুলহাতার জ্যাকেট, উন্নত মানের চায়না গ্যাবাডিন কাপড় এর তৈরি। ডাবল পাট ভিতরে ব্রেজার কাপড়। উন্নত মানের বোতাম, মোটা চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এক কালার (কালো /অফহুয়াইট /মেরুন) সর্বোচ্চ বড় সাইজ (XL/XXL/ XXXL) (প্রদর্শিত নমুনা মোতাবেক)। | ২৪পিচ | | |
| | | | সর্বমোট= | | |

**শর্তাবলীঃ**

০১। সীলমোহরকৃত দরপত্রসমূহ আগামী ০৯/১১/২০২৩খ্রিঃ তারিখে বর্ণিত " সুপারভাইজার ও কর্মচারীদের শীতের পোশাক" সরবরাহ করণের দরপত্র সীলগালা যুক্ত খামে ক্রমিক নং-০১ এ বর্ণিত স্থানে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা /প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

০২। কোটেশন দাখিলের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিং এর মাধ্যমে সীলগালা ব্যবহার করে কোটেশনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ, মূল্য সংযোজন কর নিবন্ধন সংক্রান্ত দলিলাদির এবং ব্যাংক সলভেন্সি সনদপত্রসমূহ সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। কোটেশন দাখিলের পূর্বে সমিতিতে রক্ষিত নমুনা দেখে দর দাখিল করতে হবে। কোটেশনের খামের উপর স্পষ্টাক্ষরে " সুপারভাইজার ও কর্মচারীদের শীতের পোশাক (জ্যাকেট) সরবরাহের কোটেশন" কথাটি উল্লেখ করতে হবে। কোটেশনে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। কথায় এবং অঙ্কে ভুল হলে একক মূল্য দিয়ে পরিমাণকে গুন দিয়ে মোট মূল্য নির্ধারণ করা হবে।

০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির পর অত্র সমিতির সদর দপ্তর হতে প্রয়োজনে অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতীত) যে কোন দিন নমুনা সংগ্রহ করতে পারবেন।

০৫। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমান কম/বেশী হতে পারে। কার্যাদেশের নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত মালামাল নিজ খরচে নিজস্ব পরিবহন ব্যবস্থায় সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে। অন্যথায় আপনার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হবে।

০৬। বিল প্রদানের সময় সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও কর কর্তন করা হবে।

০৭। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। দরপত্র সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৯। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ৩(তিন)দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১১। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে মালামালের মোট মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১২। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২/১১/২৩

( দেব কুমার মালো )

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১। জেলা প্রশাসক, মাগুরা।

২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (নির্ধারিত তারিখে কোটেশন গ্রহণের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।

৩। পুলিশ সুপার, মাগুরা।

৪। নির্বাহী প্রকৌশলী এল,জি,ই,ডি/সওজ/পানি উন্নয়ন বোর্ড, মাগুরা।

৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো,ঝিনাইদহ।

৬। উপজেলা নির্বাহী অফিসার মাগুরা সদর/শালিখা/শ্রীপুর/মহম্মদপুর।

৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------------------- পবিস ১/২/৩/৪।

৮। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি) /আড়পাড়া /মহম্মদপুর/শ্রীপুর জোনাল অফিস, মাগুরা পবিস।

৯। এজিএম অর্থ/ওএন্ডএম (সদর,আড়পাড়া,মহম্মদপুর,শ্রীপুর)/সঃ সেঃ, মাগুরা পবিস।

১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।

১১। এজিএম( আইটি), মাগুরা পবিস । (সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য)।

১২। মেসার্স-----------------------------------------------।

১৩। নোটিশ বোর্ড, মাগুরা পবিস।

১৪। অফিস কপি/মাস্টার কপি।

০২/১১/২৩

( দেব কুমার মালো )

জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র
(প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করণ)

প্রতি
জেনারেল ম্যানেজার, মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "সুপারভাইজার ও কর্মচারীদের শীতের পোশাক" সরবরাহ করণের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা (অংকে ----------------------এবং কথায় ------------------------।

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হয়নি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ০২/১১/২০২৩ইং তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার
স্বাক্ষর
তারিখঃ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বর জি-২৩-২৪.৫১.৩১.০০১ তারিখঃ ০২/১১/২০২৩খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নং | আইটেমের বিবরণ | পরিমানের একক | পরিমাণ | একক দর/মূল্য অংকে | একক দর/মূল্য কথায় | মোট মূল্য অংকে/কথায় | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | ০১ | **সুপারভাইজারদের শীতকালীন পোশাক (জ্যাকেট) ঃ** কালারযুক্ত ফুলহাতার জ্যাকেট, উন্নত মানের চায়না গ্যাবাডিন কাপড় এর তৈরি। ডাবল পাট ভিতরে ব্রেজার কাপড়। উন্নতমানের বোতাম, মোটা চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এক কালার (কালো /অফহুয়াইট /মেরুন) সর্বোচ্চ বড় সাইজ (XXL), (প্রদর্শিত নমুনা মোতাবেক)। | ২ | পিচ | | | | মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি,পারনান্দুয়ালী, মাগুরা। |
| | | **কর্মচারীদের শীতকালীন পোশাক (জ্যাকেট)ঃ** কালারযুক্ত ফুলহাতার জ্যাকেট, উন্নত মানের চায়না গ্যাবাডিন কাপড় এর তৈরি। ডাবল পাট ভিতরে ব্রেজার কাপড়। উন্নত মানের বোতাম, মোটা চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এক কালার (কালো /অফহুয়াইট /মেরুন) সর্বোচ্চ বড় সাইজ (XL/XXL/ XXXL) (প্রদর্শিত নমুনা মোতাবেক)। | ২৬ | পিচ | | | | |
| | | | | | | মোট= | | |

কথায়ঃ

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা : | **মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালী, মাগুরা** |
| মোট মূল্য টাকায়<br>(কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | ১৫ দিন ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

**আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফসীলে [.............] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব........./........./২০২৩ইং পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধাতার তারিখ লিখুন]**

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: দিন/মাস/বছর |

**টীকা:**

১। কলাম ১,২, ৩, ৪, ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৫, ৬,৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম নং | আইটেমের বিবরণ | পরিমানের একক | পরিমান | তৈরি এবং মডেল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ১ | **<u>সুপারভাইজারদের শীতকালীন পোশাক (জ্যাকেট)</u>** ঃ কালারযুক্ত ফুলহাতার জ্যাকেট, উন্নত মানের চায়না গ্যাবাডিন কাপড় এর তৈরি। ডাবল পাট ভিতরে ব্রেজার কাপড়। উন্নতমানের বোতাম, মোটা চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এক কালার (কালো /অফহুয়াইট /মেরুন) সবোর্চ্চ বড় সাইজ (XXL), (প্রদর্শিত নমুনা মোতাবেক)। | পিচ | | |
| | | **<u>কর্মচারীদের শীতকালীন পোশাক (জ্যাকেট)</u>**ঃ কালারযুক্ত ফুলহাতার জ্যাকেট, উন্নত মানের চায়না গ্যাবাডিন কাপড় এর তৈরি। ডাবল পাট ভিতরে ব্রেজার কাপড়। উন্নত মানের বোতাম, মোটা চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এক কালার (কালো /অফহুয়াইট /মেরুন) সবোর্চ্চ বড় সাইজ (XL/XXL/ XXXL) (প্রদর্শিত নমুনা মোতাবেক)। | পিচ | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রবাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রবাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে।তার নকশা এবং দ্রবাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১৫ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য -লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্য মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **[অংকে------------- [কথায়----------------- ]**।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **১২ মাস (পূর্ণ)**

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

D:\Rowshon ara\Admin Department Unifide file\Tender Shedul RFQ\Tender RFQ Sheduil.docx

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br>দেব কুমার আলো<br>জেনারেল ম্যানেজার<br>মাগুরা পবিস<br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য<br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |